

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ, ঢাকা।**
(২০২২ ইং সনের ২৫০ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২৮শে জুন ২০২২খ্রীঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:৩০ মিনিট হইতে ৩০শে জুন ২০২২খ্রীঃ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪:১৫ মিনিট পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চসমূহ গঠন করা হইল :

১। বিচারপতি জে. বি. এম. হাসান

এবং

বিচারপতি সরদার মোঃ রাশেদ জাহাঙ্গীর

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট, কাস্টমস ও ইনকামট্যাক্ষা বিষয়াদি ব্যতীত অর্থস্থান আদালত সহ সকল প্রকার রীট মোশন ও শুনানী; হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালত সমূহের অবমাননার অভিযোগপত্র; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্ত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশুল্ক থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

২। বিচারপতি মোঃ খসরুজ্জামান

এবং

বিচারপতি মোঃ খায়রুল আলম

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট, কাস্টমস, ইনকামট্যাক্ষা, অর্থস্থান আদালত, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত সকল প্রকার রীট মোশন ও শুনানী; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে; হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালত সমূহের অবমাননার অভিযোগপত্র এবং উপরোক্ত বিষয়াদি সংক্রান্ত রুল এবং আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশুল্ক থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

৩। বিচারপতি মোঃ কামরুল হোসেন মোল্লা

এবং

বিচারপতি শশাঙ্ক শেখের সরকার

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইনের অধীন বিষয়াদি ব্যতীত ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী মোশন এবং শুনানীর জন্য ৪৯৮ এবং ৫৬১এ ধারা মোতাবেক ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; ৪৩৯ ধারা মোতাবেক ফৌজদারী রিভিশন মোকদ্দমা ও তৎসংক্রান্ত আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

গঠন

**প্রধান বিচারপতি
বাংলাদেশ**

তারিখঃ-২৭/০৬/২০২২ইং

প্রচারের জন্য :-

১। বিচারপতি জে. বি. এম. হাসান

২। বিচারপতি মোঃ খসরুজ্জামান

৩। বিচারপতি মোঃ কামরুল হোসেন মোল্লা

৪। বিচারপতি শশাঙ্ক শেখের সরকার

৫। বিচারপতি মোঃ খায়রুল আলম

৬। বিচারপতি সরদার মোঃ রাশেদ জাহাঙ্গীর